

ত্রিপুরা সরকার  
তথ্য ও সংস্কৃতি অধিকার

\*\*\*\*\*

স-৩৮ ১৮

আগরতলা, ২৪ নভেম্বর, ২০২৩

**পশ্চিম ত্রিপুরা জিলা পরিষদের স্বাস্থ্য বিষয়ক স্থায়ী কমিটির সভা**

পশ্চিম ত্রিপুরা জিলা পরিষদের সভাগতে গতকাল জিলা পরিষদের শিক্ষা ও স্বাস্থ্য বিষয়ক স্থায়ী কমিটির এক সভা অনুষ্ঠিত হয়। স্থায়ী কমিটির সদস্য সঞ্চীবন দাসের সভাপতিত্বে অনুষ্ঠিত এই সভায় উপস্থিত ছিলেন জিলা পরিষদের ভারপ্রাপ্ত সভাধিপতি হরিদুলাল আচার্য, পশ্চিম জেলার অতিরিক্ত জেলাশাসক সুভাষ চন্দ্র সাহা, শিক্ষা ও স্বাস্থ্য বিষয়ক স্থায়ী কমিটির অন্যান্য সদস্য-সদস্যাগণ এবং বিভিন্ন দপ্তরের আধিকারিকগণ। সভায় পশ্চিম ত্রিপুরা জেলা মুখ্য স্বাস্থ্য আধিকারিক জানান, চলতি বছরের মিশন ইন্দ্রধনুষ ৫.০ অভিযানে তিনটি পর্যায়ে গর্ভবতী মা ও শিশুদের টিকাদান কর্মসূচি গত অক্টোবর মাসে শেষ হয়েছে। এই অভিযানে জেলার ১,০৭৯ জন গর্ভবতী মা ও শূন্য থেকে ৫ বছর বয়সের ৪,০৩৬ টি শিশুকে বিনামূল্যে বিভিন্ন রোগ প্রতিমেধক টিকা দেওয়া হয়েছে। এছাড়া জেলার বিভিন্ন প্রাথমিক স্বাস্থ্যকেন্দ্রে ৪১৬ জনের ডেঙ্গু টেস্ট করা হয়েছে। সভায় তিনি জানান, ডুকলি ব্লকের সূর্যমনিনগর ও পূর্ব বামুটিয়া পথগায়েতে নতুন উপস্বাস্থ্যকেন্দ্র খোলার প্রস্তাবও রাখা হয়।

\*\*\*\*\*